অতিব জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mora.gov.bd

নং - ১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭ /৭১২৬

তারিখ : ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

# সভার নোটিস

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৭ খ্রি. (১৪৩৮ হিজরী) উদ্‌যাপনের লক্ষ্যে সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে আগামী ০৯.০৮.২০১৭ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান-এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে **(কক্ষ নং-১৫১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)** আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠেয় সভার কার্যপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অথবা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**সংযুক্তি: সভার কার্যপত্র।**

(আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ) ০২/৮/১৭
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪০৫৮৯
ফ্যাক্স : ৯৫১২২৮৬
e-mail : moragovbd@gmail.com

বিতরণ : **(জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব,অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৮. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১১. মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গবভন, ঢাকা।
১২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব,বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
২৯. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।
৩০. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো-পলিটন পুলিশ।

৩১. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩২. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
৩৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. ওয়াকফ্ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, মগবাজার, ঢাকা।
৩৫. মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৬. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩৮. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩৯. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৪০. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৪১. মহাপরিচালক, জাতীয় যাদুঘর, শাহবাগ, ঢাকা।
৪২. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪৩. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪৪. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৪৫. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪৬. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, রমনা, ঢাকা।
৪৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৪৮. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: লি:, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
৪৯. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভার নোটিস টি সংশ্লিষ্ট ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবগতির অনুরোধসহ)।**।
৫২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৫৪. যুগ্ম-সচিব (হজ/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫. জেলা প্রশাসক, ঢাকা।
৫৬. উপ-সচিব (প্রশাসন/হজ/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫৭. সিভিল সার্জন, ঢাকা।
৫৮. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৬০. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬১. পরিচালক, শিশু একাডেমী, শাহবাগ, ঢাকা।
৬২. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন,বায়তুল মোকাররম, ঢাকা।
৬৩. উপ-পুলিশ কমিশনার, (ট্রাফিক দক্ষিণ), ঢাকা মেট্রো-পলিটন পুলিশ।
৬৪. সিনিয়র সহকারী সচিব/প্রধান (সংস্থা/প্রশাসন-১/পরিকল্পনা-১/২), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৫. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভার নোটিস টি সংশ্লিষ্ট ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবগতির অনুরোধসহ)।**
৬৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬৭. সহকারী সচিব (হজ-২/অনুদান/বাজেট/মাননীয় মন্ত্রীর দপ্তর), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৮. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভার নোটিস টি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৬৯. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, প্রধান কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৭০. মোতাওয়াল্লী/ইমাম, হাইকোর্ট মাজার মসজিদ, ঢাকা।

স্মারক নং-১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :**

১. যুগ্ম-সচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সভায় আগত প্রতিনিধিদেরকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি/গার্ড ফাইল।

(আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : **আসন্ন ঈদ-উল-আযহা/২০১৭ (১৪৩৮ হিজরী) উদযাপন উপলক্ষে ০৯ আগস্ট, ২০১৭ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠেয় আন্ত:মন্ত্রণালয় সভার কর্মপত্র।**

ঈদ-উল-আযহা/২০১৬ (১৪৩৭ হিজরী) এর ন্যায় আসন্ন ঈদ-উল-আযহা/২০১৭ (১৪৩৮ হিজরী) উদযাপন উপলক্ষে আগামী ০৯ আগস্ট, ২০১৭ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠেয় আন্ত:মন্ত্রণালয় সভায় নিম্নরূপ কর্মসূচি/সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে:

| ক্রঃ নং | কর্মসূচি | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১.০ | মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান। | ১.১ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে প্রতি বছরের ন্যায় জাতির উদ্দেশ্য মহামান্য রাষ্ট্রপতির বাণী সংগ্রহ করে প্রচার করার ব্যবস্থা গ্রহণ করা। | রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/ আপন বিভাগ), পিআইডি |
| | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | ১.২ পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে প্রতি বছরের ন্যায় জাতির উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রদানের ব্যবস্থা গ্রহণ করা। | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ২.০ | মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াত প্রদান। | ২. পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে প্রতি বছরের ন্যায় পররাষ্ট্র মন্ত্রণালয় মুসলিম দেশের কূটনীতিকদের দাওয়াতের ব্যবস্থা গ্রহণ করা। | পররাষ্ট্র মন্ত্রণালয়/ পিআইডি |
| ৩.০ | ঈদ-উল আযহা এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার। | ৩. প্রতি বছরের ন্যায় ঈদ-উল-আযহা এর জামাত অনুষ্ঠানের বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার এবং বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ- উল-আযহা উপলক্ষে পুরুষদের পাশাপাশি মহিলাদের (জাতীয় ঈদগাহ-এর দক্ষিণ দিকে মহিলাদের জন্য আলাদা প্রবেশ পথসহ) আলাদা ব্যবস্থা রাখার বিষয়টিও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সংবাদপত্রসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার করা। | তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ বেতার বাংলাদেশ টেলিভিশন |
| ৪.০ | জাতীয় ঈদগাহে প্রধান জামাতের জন্য ইমাম, উপস্থাপক ও ক্বারী নিয়োগ। | ইমাম নিয়োগের ব্যাপারে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ৫ জন আলেমের একটি তালিকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা। পবিত্র কুরআন তেলাওয়াতের জন্য ৫ জন বিশিষ্ট ক্বারী ও ঈদের জামাত অনুষ্ঠান পরিচালনার জন্য ৫ জন বিশিষ্ট উপস্থাপকের তালিকাও মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করা।<br>উক্ত তালিকা হতে একজন ইমাম ও একজন বিকল্প ইমাম, একজন ক্বারী ও একজন বিকল্প ক্বারী এবং একজন উপস্থাপক ও একজন বিকল্প উপস্থাপক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগ করা। ইমাম, ক্বারী ও উপস্থাপকগণকে মন্ত্রণালয় হতে সম্মানী হিসেবে প্রতি বছরের ন্যায় ১৫,০০০/- টাকা মঞ্জুরী প্রদান করা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ইসলামিক ফাউন্ডেশন |
| ৫.০ | ঈদ-উল-আযহা এর পূর্বে জাতীয় ঈদগাহ ময়দানের মাঠ প্রস্তুতকরণ। | ৫.ক) ঈদের জামাত যাতে বৃষ্টি বিঘ্নিত না হয় সে জন্য জাতীয় ঈদগাহ মাঠ সমতলকরণ, ঘাস কর্তন এবং আবর্জনা পরিস্কারকরণ সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা।<br>(খ) জাতীয় ঈদগাহ ময়দানে সম্পূর্ণ মাঠ জুড়ে ত্রিপল টানা।<br>(গ) আকাশ মেঘলা থাকলে লাইটিং এর ব্যবস্থা করা।<br>(ঘ) অতিরিক্ত বৃষ্টি হলে পানি সরানোর জন্য গণপূর্ত বিভাগের পাশাপাশি ওয়াসা পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করা।<br>(ঙ) ওয়াসা প্রয়োজনে ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগপূর্বক পানি নিষ্কাশনের জন্য যৌথ প্রস্তুতি গ্রহণ করতে পারে। পানি নিষ্কাশনের প্লাট ফরম তৈরী করার জন্য ফায়ার সার্ভিস ও গণপূর্ত অধিদপ্তর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা।<br>(চ) ঈদের দিন জাতীয় ঈদ গাহ ময়দানে বিশেষ মেডিকেল টীম রাখার ব্যবস্থা করা।<br>(ছ) ঈদগাহ মাঠে আগত মুসল্লিদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা। | ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সিভিল সার্জন, ঢাকা এসএসএফ/ডিএমপি/বিশেষ শাখা |

| ক্রঃ নং | কর্মসূচি | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৬.০ | ঈদ-উল-আযহা এর প্রধান জামাতের সময় নির্ধারণ ও আবহাওয়া প্রতিকূল হলে অন্যত্র জামাতের আয়োজন করা। | ৬.১ আবহাওয়া অনুকূলে থাকলে জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গণ, ঢাকাতে সকাল ০৮.০০ টায় ঈদ-উল-আযহা এর প্রধান জামাতের আয়োজন করা এবং আবহাওয়া প্রতিকূল হলে প্রধান জামাত সকাল ০৮.৩০ টায় বায়তুল মোকাররম মসজিদে আয়োজনের ব্যবস্থা করা। | ইসলামিক ফাউন্ডেশন<br>বাংলাদেশ বেতার<br>বাংলাদেশ টেলিভিশন। |
| | | ৬.২ আবহাওয়া দুর্যোগপূর্ণ হলে প্রধান ঈদের জামাত বায়তুল মোকাররম এ স্থানান্তরের তাৎক্ষনিক সিদ্ধান্ত প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে আহবায়ক করে নিম্নরূপভাবে কমিটি গঠন করা :<br><br>(ক) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা : আহবায়ক<br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি : সদস্য<br>(গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি : সদস্য<br>(ঘ) তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি : সদস্য<br>(ঙ) আবহাওয়া অধিদপ্তর এর প্রতিনিধি : সদস্য<br>(চ) বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) এর প্রতিনিধি : সদস্য<br>(ছ) ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি : সদস্য<br>(জ) ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর কার্যালয়ের প্রতিনিধি : সদস্য | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা<br>মন্ত্রিপরিষদ বিভাগ<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>তথ্য মন্ত্রণালয়<br>আবহাওয়া অধিদপ্তর/স্পারসো<br>ইসলামিক ফাউন্ডেশন/ডিএমপি |
| | | ৬.৩ মহিলাদের ঈদের নামাজ আদায়ের জন্য আলাদা ব্যবস্থা রাখা। | ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। |
| | | ৬.৪ বিদেশী রাষ্ট্রদূত/কূটনীতিবিদ এবং তাঁদের পত্নীদের নামাজ আদায়ের জন্য পূর্ব থেকেই জায়গা সংরক্ষণের ব্যবস্থা নেয়া। | ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। |
| ৭.০ | ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময় সূচি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে/ বেসরকারি প্রচার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। | ৭. ঢাকা শহরের প্রধান প্রধান মসজিদের ঈদের নামাজ এবং বৃহত্তর জেলা সমূহের প্রধান জামাতের সময়সূচি সংগ্রহ করে ইসলামিক ফাউন্ডেশন/জেলা প্রশাসন ঈদের দিনের পূর্বেই বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ সকল বে-সরকারী চ্যানেলগুলোকে অবহিত করা এবং বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও পিআইডি উহা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। ইহা ছাড়া ইসলামিক ফাউন্ডেশন প্রধান প্রধান জামাতের সময়সূচি সংক্রান্ত ছোট পুস্তিকা/লিফলেট প্রচারের ব্যবস্থা করা। জাতীয় ঈদগাহে অনুষ্ঠিত জামাত টেলিভিশনসমূহে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>ইসলামিক ফাউন্ডেশন<br>বাংলাদেশ বেতার<br>বাংলাদেশ টেলিভিশন |
| ৮.০ | ঈদের মাঠে অভ্যর্থনা জ্ঞাপন। | ৮.(ক) মহামান্য রাষ্ট্রপতি, মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টাবৃন্দ,বিদেশী কূটনীতিক, উর্দ্ধতন সামারিক ও বেসামরিক কর্তকর্তাসহ সংশ্লিষ্টদের অভ্যর্থনা জানানো।<br>৮.(খ) অভ্যর্থনা জ্ঞাপনে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, ডিএমপি কমিশনার, পররাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা, উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক দক্ষিণ) এর কার্যালয়ের প্রধান/প্রতিনিধি উপস্থিত থাকবেন। | মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পো:<br>সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>বিভাগীয় কমিশনার, ঢাকা<br>কমিশনার, ডিএমপি<br>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি, জেলা প্রশাসক, ঢাকা |
| ৯.০ | জাতীয় ঈদগাহ, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন-কে অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক সহায়তা প্রদান। | **জাতীয় ঈদগাহ, হাইকোর্ট প্রাঙ্গন, ঢাকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠানে নিম্নোক্ত বিষয়ের পাশাপাশি উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনকে সহায়তা প্রদান করবেঃ**<br>৯.১. প্রয়োজনীয় সংখ্যক মাইক সরবরাহ করা, বিদ্যুৎ ব্যবস্থা বিঘ্নিত হলে যাতে নামাজের অসুবিধা না হয় সেজন্য পর্যাপ্ত সংখ্যাক ব্যাটারীর/ জেনারেটর- এর ব্যবস্থা রাখা। | গণযোগাযোগ অধিদপ্তর<br>গণপূর্ত অধিদপ্তর<br>ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোঃ লিঃ |
| | | ৯.২ নিরাপত্তা ও আইন শৃঙ্খলা নিশ্চিত করা। সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ স্কাউটদের নিয়োজিত করা যেতে পারে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>পুলিশ সদর দপ্তর<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ |
| | | ৯.৩ আগত মুসুল্লিদের গাড়ী পার্কিং-এর ব্যবস্থাপনা ও তত্বাবধান। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি |
| | | ৯.৪ ঈদগাহ মাঠের নির্গমনের রাস্তা সহজ গমনযোগ্য রাখার জন্য ভিক্ষুকদেরকে নির্গমনের গেটে/ রাস্তায় ভীড় না করার ব্যবস্থা করা। | ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ট্রাফিক বিভাগ (দক্ষিণ), ডিএমপি |
| | | ৯.৫ অগ্নি নির্বাপণ ব্যবস্থা প্রস্তুত রাখা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| ক্রঃ নং | কর্মসূচি | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ৯.৬ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। | ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোঃ লিঃ |
| | | ৯.৭ ওজুর পানি ও পাত্র সরবরাহ করা। | ঢাকা ওয়াসা<br>ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। |
| | | ৯.৮ মুসুল্লীগণের অজু করার জন্য সহায়তা প্রদান। অজুর স্থানসমূহ পূর্ব থেকেই খোলা রাখতে হবে এবং হাইকোর্ট মাজারের কর্মচারীগণকে উপস্থিত রাখতে হবে। | গণপূর্ত অধিদপ্তর<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>মুতাওয়াল্লী, হাইকোর্ট মাজার কমিটি এবং ইমাম হাইকোর্ট মাজার মসজিদ |
| | | ৯.৯ নামাজের বিছানা, চাদর ইত্যাদির বন্দোবস্ত করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন |
| | | ৯.১০ ঈদগাহ ময়দানে জরুরী টেলিফোন সংযোগপূর্বক ঈদের নামাজের নির্ধারিত সময়ের পূর্বেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা টেলিফোনের অবস্থান এবং টেলিফোন নম্বর সংশ্লিষ্ট সকলকে অবহিত করা। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল। |
| | | ৯.১১ কেহ হারিয়ে গেলে তাকে অনুসন্ধানের জন্য অনুসন্ধান কেন্দ্র স্থাপন করতে হবে এবং মাইকে ঘোষণা করার ব্যবস্থা রাখতে হবে। অনুসন্ধান কেন্দ্র, গাড়ীর প্রবেশ ও প্রস্থান এবং পার্কিং সম্বলিত নির্দেশনা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>ডিএমপি |
| | | ৯.১২ জাতীয় ঈদগাহে ঈদের প্রধান জামায়াতের সার্বিক দায়িত্ব পরিচালনা করা।<br>৯.১৩ ঈদের নামাজের শেষে মুসল্লিগণের সহজে মাঠ হতে বহির্গমণের জন্য সুপ্রিম কোর্টের সাথে আলোচনা করে ঈদগাহের পূর্ব দিকে আরো ২টি নতুন বহির্গমন পথ স্থাপন করা। | ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন<br>গণপূর্ত অধিদপ্তর |
| ১০. | ঈদের অন্যান্য অনুষ্ঠান জাতীয় পতাকা উত্তোলন, সড়ক সজ্জিত করা ও আলোক সজ্জা করা)। | ১০.১ আসন্ন ঈদ-উল-আযহার দিন সকল সরকারি/বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করা। অতীতের ন্যায় সরকারি ভবনসমূহের জন্য গণপূর্ত অধিদপ্তর ও বেসরকারি ভবনের জন্য নিজ নিজ মালিক ও ব্যবস্থাপকগণ কর্তৃক জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করা। এ বিষয়ে সংশ্লিষ্টগণ যাতে অবহিত থাকেন সেজন্য তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে প্রচারের ব্যবস্থা করা। | মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য মন্ত্রণালয়<br>পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়<br>গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ বেতার<br>বাংলাদেশ টেলিভিশন |
| | | ১০.২ জাতীয় পতাকা ও "ঈদ মোরাবক" (বাংলা ও আরবীতে) খচিত ব্যানার দ্বারা বনানী ঢাকা গেইট হতে বঙ্গভবন পর্যন্ত প্রধান প্রধান সড়ক এবং সড়ক দ্বীপ (আইল্যান্ডসমূহ) সজ্জিত করা।<br>রাস্তাগুলো নিম্নরূপ :<br>বনানীর ঢাকা গেইট হতে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আব্দুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি আই টি এভিনিউ, নর্থ-সাউথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা অফিস হয়ে বঙ্গভবন পর্যন্ত। জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারিপার্শ্বের রাস্তাসমূহ এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তা ও প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের সম্মুখের রাস্তা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও গণপূর্ত অধিদপ্তর |
| | | ১০.৩ আলোক সজ্জাঃ ঈদের আগের রাত্রিতে নির্দিষ্ট সরকারি ভবনসমূহে (বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন, বাংলাদেশ সচিবালয় ভবন, বায়তুল মোকাররম মসজিদ আলোকসজ্জার ব্যবস্থা করা<br>উপরের ১০.২ ও ১০.৩ এর বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে সড়ক সজ্জিতকরণ এবং আলোকসজ্জার জন্য গত বছরের ন্যায় এ বছরেও মোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা গণপূর্ত অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা। এ বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>সশস্ত্র বাহিনী বিভাগ ও গণপূর্ত অধিদপ্তর |
| | | ১০.৪ তিন বাহিনীর হেড কোয়ার্টারস ও সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে স্ব-স্ব ব্যবস্থাপনায় সীমিত আকারে আলোকসজ্জার ব্যবস্থা করা। | সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১১ | ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার | ১১. বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ঈদের দিন বিশেষ অনুষ্ঠান প্রচার এবং সংবাদপত্রসমূহে বিশেষ সংখ্যা প্রকাশ। ঈদের বিশেষ অনুষ্ঠান সমূহে অন্যান্য প্রোগ্রামের পাশাপাশি গ্রামের মানুষের বিনোদনের জন্য নতুন আঙ্গিকে উন্নত মানের নতুন প্রোগ্রাম তৈরী করে প্রচারের ব্যবস্থা করা। | তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন |

| ক্রঃ নং | কর্মসূচি | আলোচনা | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১২ | দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার ও সরকারি শিশু সদনে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন ও ঈদের গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বে সেমিনার/আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা | ১২.১ দেশের বিভিন্ন হাসপাতাল, কারাগার, শিশু সদন, ছোটমনি নিবাস, সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র, আশ্রয় কেন্দ্র, সেফ হোমস্, ভবঘুরে কল্যাণ কেন্দ্র ও দুঃস্থ কল্যাণ কেন্দ্রে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা গ্রহণ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| | | ১২.২ ঈদ-উল-আযহা/১৭ এর গুরুত্ব সম্পর্কে ঈদের পূর্বেই সেমিনার/ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা। সম্ভব হলে রেডিও টিভিতে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা এবং বায়তুল মুকাররম মসজিদে রোজার সময় যে আলোচনা অনুষ্ঠান হয় তা সরাসরি অথবা অংশ বিশেষ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা করা। তথ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বেসরকারী টিভি চ্যানেলগুলোকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা। | তথ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ বেতার<br>বাংলাদেশ টেলিভিশন<br>ইসলামিক ফাউন্ডেশন |
| ১৩ | ১৩.১ ঈদের দিন ও ঈদের পর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা। | ১৩.১ মহানগরীর বিভিন্ন স্থানে রাষ্ট্রীয় নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ (ডকুমেন্টারী ফিল্ম) চলচ্চিত্র প্রদর্শন। ডকুমেন্টারী ফিল্ম তৈরীর ক্ষেত্রে অন্যান্য মুসলিম দেশের ধর্মীয় অনুষ্ঠানাদি, রীতি ও রেওয়াজকে গুরুত্ব দিয়ে নতুন আঙ্গিকে নতুন ধারার অনুষ্ঠানমালা তৈরী করা। | তথ্য মন্ত্রণালয় ও<br>গণযোগাযোগ অধিদপ্তর |
| | | ১৩.২ ঈদের দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা সিটি করপোরেশন-এর আওতাধীন সকল শিশু পার্কে প্রবেশ এবং বিনোদনের ব্যবস্থা করা। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| | | ১৩.৩ ঈদের দিন ও পরবর্তী ০২ (দুই) দিন সুবিধা বঞ্চিত শিশুদের বিনা টিকেটে ঢাকা জাতীয় যাদুঘরে প্রবেশ এবং তা প্রদর্শনের ব্যবস্থা করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও<br>জাতীয় যাদুঘর |
| | | ১৩.৪ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা। নতুন আঙ্গিকে উন্নতমানের প্রোগ্রাম তৈরী করে প্রচারের ব্যবস্থা করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | | ১৩.৫ মহানগরীতে প্রীতি ফুটবল খেলার ব্যবস্থা করা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| | | ১৩.৬ বাংলাদেশ শিশু একাডেমীতে শিশুদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা। এ বাবদ বাংলাদেশ শিশু একাডেমীর অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান সংক্রান্ত। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ শিশু একাডেমী |
| ১৪ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল আযহা উদযাপন | ১৪.১ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যথাযোগ্য মর্যাদার সঙ্গে সরকারি কর্মসূচির আলোকে ঈদ-উল আযহা উদপযাপন এর ব্যবস্থা করা। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| | | ১৪.২ মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণীসমূহ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে প্রচারের ব্যবস্থা করা। | |
| ১৫ | কুরবানী পরবর্তী কুরবানীকৃত পশুর বর্জ্য পদার্থ অপসারণ | ১৫. কুরবানীকৃত পশুর রক্ত/বর্জ্য পদার্থ দ্বারা যাতে ঢাকা শহর দুর্গন্ধময় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | পরিবেশ ও বন মন্ত্রণালয়<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১৬ | অন্যান্য | ১৬. বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রধানগণ কর্তৃক জাতীয় কর্মসূচির আলোকে নিজ নিজ কর্মসূচি প্রণয়নপূর্বক ঈদ-উল আযহা উদযাপন করা। সম্ভব হলে আসন্ন ঈদের কর্মসূচিতে অথবা পরবর্তী ঈদ থেকে জেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ শিশু একাডেমী ও জেলা প্রশাসনের সম্মিলিত উদ্যোগে শিশুদের জন্য নতুন আঙ্গিকে উন্নত প্রোগ্রাম/ডিজাইন এর ব্যবস্থা করা। | মন্ত্রিপরিষদ বিভাগ<br>জনপ্রশাসন মন্ত্রণালয়<br>স্থানীয় সরকার বিভাগ<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও<br>ইসলামিক ফাউন্ডেশন |